

ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
www.dcchittagong.gov.bd

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান, জেলা প্রশাসক, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করিবার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০- ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্জে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২৮০ চট্টগ্রাম-৩ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ০৯.০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয় “জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম” এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সন্দ্বীপ, চট্টগ্রাম এর কার্যালয়ে) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও (www.ecs.gov.bd) মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখঃ ১৫ দিন ১১ মাস ২০২৩ বৎসর



আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান  
জেলা প্রশাসক, চট্টগ্রাম

ও

রিটার্নিং অফিসার।

নির্বাচনী এলাকার নম্বর ও নাম


২৮০ চট্টগ্রাম-৩

নং-১৭.০৩.১৫০০.০০০.৩৬.০০৬.২৩-২০২২

তারিখ : ১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. উপমহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
৫. পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম
৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
৮. পুলিশ সুপার, চট্টগ্রাম
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম
১০. উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
১১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম
১২. উপপরিচালক, জেলা তথ্য অফিস, চট্টগ্রাম (বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৩. থানা/উপজেলা নির্বাচন অফিসার, ..... (সকল), চট্টগ্রাম
১৪. অফিসার ইনচার্জ, ..... থানা (সংশ্লিষ্ট) চট্টগ্রাম
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চট্টগ্রাম/....., চট্টগ্রাম
১৬. নোটিশ বোর্ড।

  
জেলা প্রশাসক, চট্টগ্রাম  
ও  
রিটার্নিং অফিসার।